



সংখ্যা: ৪৯৩/০১৯/কঅ/৩১১

তারিখ: ৩১ জানুয়ারি ২০১৯

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)  
১ম বর্ষ বি.এ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯  
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি-২৩

A ইউনিটের (কলা অনুষদ ও চারুকলা অনুষদ) ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষের বি.এ (সম্মান) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও সাক্ষাৎকারে উপস্থিত পরীক্ষার্থীদেরকে বিষয় পছন্দক্রম এবং মেধা অনুসারে তাদের রোল নম্বরের পাশে উল্লেখিত বিভাগে ভর্তির জন্য নবম মেধাতালিকা প্রকাশ করা হলো এবং অষ্টম মাইগ্রেশন সম্পন্ন করা হলো। এ ছাড়া ইংরেজী বিভাগে অষ্টম, মুৎশিল্প ও ভাস্কর্য বিষয়ে সপ্তম, FFQ কোটায় ষষ্ঠ এবং PDQ অষ্টম মেধা তালিকা প্রকাশ করা হলো। WQ কোটায় চতুর্থ মাইগ্রেশন ও FFQ কোটায় পঞ্চম মাইগ্রেশন সম্পন্ন করা হলো। প্রার্থীদের আগামী ০৩ ও ০৪ ফেব্রুয়ারি ২০১৯ বিকেল ৪টার মধ্যে ভর্তি হতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

- ১। অনলাইনে <http://admission.ru.ac.bd> -তে ০৩ ফেব্রুয়ারি ২০১৯ সকাল ১০ টা থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থী নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে কলা অনুষদ অফিসে জমা দিতে হবে।
- ২। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।
- ৩। ভর্তি সংক্রান্ত যাবতীয় ফি জমা দেয়ার বিস্তারিত বিষয়াদি বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট <http://admission.ru.ac.bd> এবং অনুষদ অফিস থেকে জানা যাবে।

প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

(প্রফেসর ড. মো. ফজলুল হক)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)

১ম বর্ষ বিএ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯

ও

ডীন, কলা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।